BENGALI EDITION
U.S. HISTORY AND GOVERNMENT
TUESDAY, JUNE 23, 2026
9:15 A.M. TO 12:15 P.M., ONLY

The University of the State of New York

REGENTS HIGH SCHOOL EXAMINATION

# মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস এবং সরকার

**মঙ্গলবার,** 23 জুন 2026 — 9:15 a.m. থেকে 12:15 p.m. পর্যন্ত শুধু

শিক্ষার্থীর নাম ______________________________________________

স্কুলের নাম ______________________________________________

**এই পরীক্ষা দেওয়ার সময় যেকোনো রকমের যোগাযোগকারী ডিভাইস রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। যদি আপনার কাছে কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা অত্যন্ত কম সময়ের জন্যও ব্যবহার করেন, তাহলেও আপনার পরীক্ষা বাতিল করা হবে এবং কোনো নম্বর দেওয়া হবে না।**

উপরের লাইনগুলিতে আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখুন। অংশ I এর জন্য একটি পৃথক উত্তরপত্র আপনাকে প্রদান করা হয়েছে। আপনার উত্তরপত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রোক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতিটি পৃষ্ঠার শিরোনাম পূরণ করুন।

এই পরীক্ষাটির তিনটি অংশ আছে। এই পরীক্ষার আপনাকে **প্রত্যেকটি**অংশের**সব কটি** প্রশ্নেরই উত্তর দিতে হবে। অংশ II, III A, এবং III B-এর উত্তর লেখার জন্য কালো বা গাঢ় নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহু-নির্বাচনী প্রশ্ন আছে। উত্তর পত্রে যেভাবে নির্দেশ দেওয়া আছে সেইভাবে এই প্রশ্নগুলির উত্তরগুলি লিপিবদ্ধ করুন।

**অংশ II** দুটি সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্ন আছে। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 3 থেকে শুরু করে।

**অংশ III** বেশ কয়েকটি নথির উপর নির্ভরশীল:

**অংশ III A**-তে বিভিন্ন নথি আছে। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌঁছাবেন, এই বিভাগের প্রথম পৃষ্ঠায় আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখবেন।

প্রতিটি নথির পরে একটি করে প্রশ্ন আছে। এই পরীক্ষা পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনে লিখুন।

**অংশ III B**-তে একটি রচনা ধরনের প্রশ্ন থাকে যা নথিগুলির উপর ভিত্তি করে করা হয়। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 7 থেকে শুরু করে।

পরীক্ষা সম্পন্ন করার পরে আপনাকে অবশ্যই উত্তরপত্রের শেষে মুদ্রিত ঘোষণায় স্বাক্ষর করতে হবে এই মর্মে যে পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরগুলি সম্পর্কে আপনার কোনো আইন বিরুদ্ধ জ্ঞান ছিল না এবং পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহায়তা প্রদান করেননি বা পাননি। আপনি এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা যাবে না।

**সঙ্কেত না দেওয়া অবধি এই পরীক্ষা পুস্তিকা খুলবেন না।**

## অংশ I

### এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা ধারণা থেকে সেই শব্দটি বা ধারণাটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটিকে সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 ও 2 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**"আপনার আইন ও শৃঙ্খলা আছে, আমাদেরও আছে।"**
—গাচরাডোডো (Gachradodow)
পেনসিলভেনিয়া (Pennsylvania), 1744

. . . গ্যাচরাডোডো (Gachradodow) দৃঢ় কণ্ঠে এবং উপযুক্ত ভঙ্গিতে নিম্নরূপ বক্তব্য রাখলেন:

*মহান আসারাগোয়া* (*Assaragoa*), প্রথমদিকে এই পৃথিবীটি মহান জলের ওপারে সৃষ্টি হয়েছিল, এপারের পৃথিবীর থেকে ভিন্ন, যা আমাদের চামড়া ও মাংসের ভিন্ন রং থেকেই বোঝা যায়, আর তোমরা যাকে ন্যায়বিচার বলো, তা আমাদের মধ্যে ন্যায়বিচার নাও হতে পারে। তোমাদের নিজস্ব আইন ও রীতি আছে, আমাদেরও আছে। মহান রাজা তোমাদের *ইন্ডিয়ানদের* [আদিবাসী আমেরিকান] দমন করতে পাঠাতে পারেন, কিন্তু আমাদের কাছে মনে হয় ঈশ্বর এতে সম্মতি দেননি। যদি তিনি সম্মতি দিতেন, তবে আমাদের ও তোমাদের মাঝে সীমারেখা হিসেবে যেখানে সমুদ্র রয়েছে, সেখানে তিনি সমুদ্র স্থাপন করতেন না। . . .

*ভাই আসারাগোয়া* (*Assaragoa*) . . . তুমি খুব ভালো করেই জানো, শ্বেতাঙ্গরা যখন প্রথম এখানে এসেছিল, তারা ছিল দরিদ্র; কিন্তু এখন তারা জমি অর্জন করেছে এবং সেই জমির মাধ্যমে ধনী হয়েছে, আর আমরা এখন দরিদ্র: জমির জন্য আমরা যা সামান্য পেয়েছি, তা অচিরেই ফুরিয়ে যায়, কিন্তু জমি চিরকাল টিকে থাকে।' . . .

উৎস: The Lancaster Treaty of 1744 (1744 সালের ল্যাঙ্কাস্টার চুক্তি)

1 এই উদ্ধৃতি থেকে কোন উপসংহারটি সর্বোত্তমভাবে টানা যায়?

(1) ইউরোপীয়রা আদিবাসী আমেরিকানদের সাংস্কৃতিক ঐতিহ্য বুঝত ও সম্মান করত।
(2) পেনসিলভেনিয়ায় ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত ছিল।
(3) আদিবাসী আমেরিকানরা ইংল্যান্ডের রাজার প্রতি গভীর শ্রদ্ধা পোষণ করত।
(4) চুক্তি প্রণয়ন ছিল আদিবাসী আমেরিকান ও উপনিবেশবাসীদের মধ্যে পার্থক্য নিয়ে আলোচনা করার একটি উপায়।

2 এই উদ্ধৃতিতে প্রকাশিত উদ্বেগগুলোর একটি ফলাফল কী ছিল?

(1) আদিবাসী আমেরিকানদের তাদের পৈতৃক ভূমির উপর নিয়ন্ত্রণ বজায় রাখতে দেওয়া হয়েছিল।
(2) আমেরিকান সম্প্রসারণ অব্যাহতভাবে আদিবাসী আমেরিকানদের পশ্চিম দিকে ঠেলে দেয়।
(3) আমেরিকান বিপ্লব (American Revolution)-এর সময় আদিবাসী আমেরিকানরা নিরপেক্ষ ছিল।
(4) উপনিবেশবাসীদের সঙ্গে সহযোগিতার ফলে আদিবাসী আমেরিকানদের জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়।

3 ও 4 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . সকল ক্ষমতা জনগণের মধ্যে নিহিত এবং সেই কারণেই জনগণ থেকেই উদ্ভূত; শাসকরা তাদের তত্ত্বাবধায়ক ও সেবক, এবং সবসময় তাদের কাছে জবাবদিহি করতে বাধ্য। . . .

উৎস: Virginia Declaration of Rights (ভার্জিনিয়া ডিক্লারেশন অব রাইটস), 12 জুন, 1776

3 এই উদ্ধৃতিটি যুক্তরাষ্ট্রের ইতিহাসে কোন ঐতিহাসিক বিকাশের উদাহরণ?

(1) ব্রিটিশ পার্লামেন্টের প্রতি উপনিবেশগুলির সমর্থনের বৃদ্ধি
(2) উপনিবেশিক জনজীবনে নারীদের অন্তর্ভুক্তির সমর্থন
(3) উপনিবেশিক স্বশাসনের বিকাশ
(4) উপনিবেশিক পদে শিক্ষিত পুরুষদের নির্বাচনের উপর জোর

4 স্বাধীনতার ঘোষণা (Declaration of Independence)-র কোন নীতিটি এই উদ্ধৃতিতে প্রতিফলিত হয়েছে?

(1) ক্ষমতার পৃথকীকরণ
(2) ফেডারেলিজম
(3) শাসিতদের সম্মতি
(4) সার্বজনিক ভোটাধিকার

5 ও 6 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

. . . শুক্রবার, 10 ডিসেম্বর, 1819 সালে জেফারসন (Jefferson) কংগ্রেসে একটি বিতর্কের কথা নোট করেন, যার প্রভাব ছিল সুদূরপ্রসারী—মিসৌরিকে কোন শর্তে ইউনিয়নে অন্তর্ভুক্ত করা হবে, সেই প্রশ্ন নিয়ে। হাউস অব রিপ্রেজেন্টেটিভস কেবল তখনই মিসৌরির অন্তর্ভুক্তির পক্ষে ভোট দেয়, যখন চুক্তির অংশ হিসেবে দাসপ্রথা-বিরোধী শর্ত অন্তর্ভুক্ত করা হবে; কিন্তু সিনেট, যেখানে দাসপ্রথা-সমর্থক রাজ্যগুলির প্রভাব বেশি ছিল, তা মেনে নিতে অস্বীকার করে।

সংবিধান সভা থেকে শুরু করে লুইজিয়ানা ক্রয় পর্যন্ত, উত্তর-পূর্বাঞ্চল আশঙ্কা করছিল যে দাসপ্রথা-নির্ভর দক্ষিণ ও পশ্চিমের বিস্তার দাসপ্রথার স্বার্থকে দেশের ওপর স্থায়ী নিয়ন্ত্রণ দেবে। একই সময়ে, দক্ষিণ ও পশ্চিম দাসপ্রথার ভবিষ্যৎ নিয়ে উদ্বিগ্ন ছিল।

জেফারসন (Jefferson)-এর কাছে এটি ছিল সবচেয়ে সংকটপূর্ণ সময়। তিনি জানতেন দাসপ্রথা নৈতিকভাবে ভুল এবং বিশ্বাস করতেন যে শেষ পর্যন্ত এটি বিলুপ্ত হবে। তবে তিনি নিজে মুক্তিকরণের জন্য কাজ করতে নিজেকে রাজি করাতে পারেননি। একজন রাজনীতিবিদ হিসেবে তিনি বুঝতেন যে আঞ্চলিক বিভাজনমূলক উত্তেজনাই ইউনিয়নের জন্য সবচেয়ে বড় হুমকি। তার নিজের জনজীবনেও, লুইজিয়ানা ক্রয় এবং পরে অবরোধ নিয়ে উত্তর-পূর্বাঞ্চলের বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের সময় এই উত্তেজনা ইতিমধ্যেই ইউনিয়নকে হুমকির মুখে ফেলেছিল। . . .

উৎস: Jon Meacham, *Thomas Jefferson: The Art of Power (থমাস জেফারসন: দ্য আর্ট অব পাওয়ার)*, Random House, 2013

5 এই অংশটির ভিত্তিতে, ইউনিয়নে মিসৌরির অন্তর্ভুক্তি নিয়ে কংগ্রেসীয় বিতর্ক সম্পর্কে প্রাক্তন প্রেসিডেন্ট থমাস জেফারসন (President Thomas Jefferson) দৃষ্টিভঙ্গি কী ছিল?

(1) তিনি আশঙ্কা করেছিলেন যে দাসপ্রথা নিয়ে মতভেদের ফলে ইউনিয়ন বিপন্ন হবে।
(2) তিনি বিশ্বাস করতেন যে মিসৌরিকে একটি মুক্ত রাজ্য হিসেবে অন্তর্ভুক্ত করা উচিত।
(3) তিনি মনে করতেন দাসপ্রথা রক্ষার জন্য একটি সংশোধনী পাস করা উচিত।
(4) তিনি রাজ্যগুলির ইউনিয়ন থেকে বিচ্ছিন্ন হওয়ার অধিকারকে সমর্থন করেছিলেন।

6 1820 সালে কংগ্রেসে গৃহীত আপসের একটি গুরুত্বপূর্ণ প্রভাব কী ছিল?

(1) বিদেশি ঋণ জাতীয় ঐক্যের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে ওঠে।
(2) আঞ্চলিক উত্তেজনা আর জাতির জন্য হুমকি ছিল না।
(3) মিসিসিপি নদীর পশ্চিমে দাসপ্রথার অবসান ঘটে।
(4) এটি 30 বছরেরও বেশি সময় ধরে ইউনিয়নকে সংরক্ষণ করেছিল।

7 ও 8 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া বিবৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . দক্ষিণের রাজ্যগুলির জনগণের মধ্যে এই আশঙ্কা বিদ্যমান বলে মনে হয় যে একটি রিপাবলিকান প্রশাসন ক্ষমতায় এলে তাদের সম্পত্তি, শান্তি এবং ব্যক্তিগত নিরাপত্তা বিপন্ন হবে। এই ধরনের আশঙ্কার জন্য কখনওই কোনও যুক্তিসঙ্গত কারণ ছিল না। বরং এর বিপরীতের পক্ষে যথেষ্ট প্রমাণ সবসময়ই বিদ্যমান ছিল এবং সেগুলি তাদের পর্যবেক্ষণের জন্য উন্মুক্ত ছিল। এই প্রমাণগুলি পাওয়া যায় সেই ব্যক্তির প্রায় সব প্রকাশিত বক্তৃতায়, যিনি এখন তোমাদের উদ্দেশে ভাষণ দিচ্ছেন। আমি সেই বক্তৃতাগুলির একটির উদ্ধৃতি দিচ্ছি, যখন আমি ঘোষণা করছি যে, "যে সব রাজ্যে দাসপ্রথা বিদ্যমান, সেখানে সেই প্রতিষ্ঠানের সঙ্গে সরাসরি বা পরোক্ষভাবে হস্তক্ষেপ করার আমার কোনও উদ্দেশ্য নেই। আমি বিশ্বাস করি, তা করার আমার কোনও আইনসম্মত অধিকার নেই এবং তা করার কোনও ইচ্ছাও আমার নেই। . . .

উৎস: President Abraham Lincoln (রাষ্ট্রপতি আব্রাহাম লিঙ্কন), First Inaugural Address (প্রথম অভিষেক ভাষণ), 4 মার্চ, 1861

7 রাষ্ট্রপতি আব্রাহাম লিংকন (President Abraham Lincoln) তাঁর প্রথম অভিষেক ভাষণে এই অনুচ্ছেদটি যুক্ত করার প্রধান উদ্দেশ্য কী ছিল?

(1) গ্রামীণ দক্ষিণে শিল্প প্রবর্তন করা
(2) 13, 14 এবং 15তম সংশোধনী পাস করানো
(3) দক্ষিণকে আশ্বস্ত করা এবং গৃহযুদ্ধ এড়ানো
(4) *ড্রেড স্কট (Dred Scott)* সিদ্ধান্ত বাতিল করা

8 এই ভাষণের কয়েক বছর পরে, রাষ্ট্রপতি লিঙ্কন (President Lincoln) দাসপ্রথা সম্পর্কে ভিন্ন দৃষ্টিভঙ্গি প্রকাশ করেন যখন তিনি

(1) হার্পার্স ফেরিতে জন ব্রাউন (John Brown)-এর অভিযানের প্রতি সমর্থন জানান
(2) মুক্তিদানের ঘোষণা (Emancipation Proclamation) জারি করেন
(3) কানসাস-নেব্রাস্কা আইন (Kansas-Nebraska Act) কার্যকর করেন
(4) বিদ্রোহী রাজ্যগুলিতে হেবিয়াস কর্পাস স্থগিত করেন

---

9 ও 10 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . নিজেদের কাছের পরিসরেই সংবাদপত্রগুলি আবার জানাচ্ছে যে শিকাগোতে পঁচিশ হাজার পুরুষ কাজের খোঁজে রয়েছে—নারীদের কথা তো বাদই দিলাম; মিসিসিপি অঞ্চলের প্রতিটি বড় শহরের জনসংখ্যা আশ্চর্যজনক হারে বাড়ছে বলে খবর পাওয়া যাচ্ছে; তাদের বাজারে সোনা ও গমের দাম দ্রুত কমছে, কিন্তু বাড়িভাড়া একই রয়ে গেছে, এবং অভিযোগ করা হচ্ছে যে নির্মাতারা নতুন আগতদের প্রয়োজন অনুযায়ী বাসস্থানের চাহিদা পূরণ করছেন না; এই নবাগতরা মূলত স্বল্প পুঁজি-সম্পন্ন পুরুষ ও তরুণ পরিবার, যারা প্রায় যেকোনো শর্তে শহরে ঠাঁই নিতে আগ্রহী, যদি তাতে থেকে যাওয়ার অধিকার অর্জনের জন্য উপার্জনের সুযোগ থাকে। . . .

উৎস: Frederick Law Olmsted, Address to the American Social Science Association (আমেরিকান সোশ্যাল সায়েন্স অ্যাসোসিয়েশনে ভাষণ), 25 ফেব্রুয়ারি, 1870

9 এই অংশে 19 শতাব্দীর শেষভাগের যুক্তরাষ্ট্রে কোন পরিবর্তনের কথা বলা হয়েছে?


(1) ব্যক্তিগত বাড়ির মালিকানার বৃদ্ধি
(2) নগরায়নের বৃদ্ধি
(3) কারখানা শ্রমিকদের কর্মসংস্থানের হ্রাস
(4) কৃষি প্রযুক্তির অবনতি

10 এই অংশে বর্ণিত পরিস্থিতির ফলাফল ছিল

(1) পরিষেবা প্রদানের জন্য স্থানীয় সরকারের উপর বাড়তি চাপ
(2) নারীদের ভোটাধিকার দাবি করা নারী সংগঠন
(3) সংবাদমাধ্যমের স্বাধীনতা সীমিত করার চাপ
(4) মদ বিক্রি নিষিদ্ধ করার জন্য মাদকবিরোধী গোষ্ঠীগুলির উদ্যোগ

---

11 এবং 12 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া ছবি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Bruce Roberts, 1965

11 এই ছবিতে দেখানো পরিস্থিতির কারণ ছিল

(1) ফ্রিডমেন'স ব্যুরো (Freedmen's Bureau)-র কার্যকলাপ
(2) জিম ক্রো আইনগুলি (Jim Crow laws)-র প্রণয়ন
(3) ডজ আইন (Dawes Act)-এ নাগরিকত্বের নিশ্চয়তা
(4) ইতিবাচক কর্মসূচির প্রণয়ন

12 কোন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের রায়টি ছবিতে দেখানো পরিস্থিতির পক্ষে আইনগত সমর্থন প্রদান করেছিল?

(1) *গিবনস বনাম অগডেন (Gibbons* v. *Ogden)*
(2) *ওয়েচেস্টার বনাম জর্জিয়া (Worcester* v. *Georgia)*
(3) *ড্রেড স্কট বনাম স্যানফোর্ড (Dred Scott* v. *Sanford)*
(4) *প্লেসি বনাম ফার্গুসন (Plessy* v. *Ferguson)*

13 এবং 14 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Clifford Berryman, *Washington Evening Star*, 15 আগস্ট, 1914

13 এই কার্টুনিস্টের দৃষ্টিভঙ্গি কোন বক্তব্যটি সবচেয়ে ভালোভাবে প্রকাশ করে?

(1) সাম্রাজ্যবাদ কেবল যুক্তরাষ্ট্রের বাইরের দেশগুলিরই উপকার করে।
(2) পানামা খাল নির্মাণ আমেরিকান অর্থনীতির উন্নতি ঘটাবে।
(3) অধিকাংশ লাতিন আমেরিকান দেশ এখন খাল দিয়ে তাদের নৌবহর পাঠাতে পারবে।
(4) খালটি ক্যারিবিয়ান ও লাতিন আমেরিকার সংঘাতের অবসান ঘটাবে।

14 এই কার্টুনে দেখানো ঘটনাটির সবচেয়ে বেশি বিরোধিতা করেছিল কোন গোষ্ঠী?

(1) প্রগতিশীল সংস্কারকরা
(2) শিল্পপতিরা
(3) শ্রমিক ইউনিয়নসমূহ
(4) সাম্রাজ্যবাদ-বিরোধীরা

15 এবং 16 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া ছবি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

নিউ ইয়র্ক সিটির ডেপুটি পুলিশ কমিশনার জন এ. লিচ (John A. Leach) ডানদিকে, 1920-এর দশকে নিষেধাজ্ঞা চলাকালীন এক অভিযানের পর এজেন্টদের নর্দমায় মদ ঢালতে দেখছেন।



উৎস: Library of Congress

15 কোন পদক্ষেপের ফলে এই পরিস্থিতি তৈরি হয়েছিল?


(1) শারম্যান অ্যান্টিট্রাস্ট আইন (Sherman Antitrust Act) পাস
(2) কর্মপ্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন
(3) 18তম সংশোধনীর অনুমোদন
(4) টেনেমেন্ট রিফর্ম কমিশন (Tenement Reform Commission) প্রতিষ্ঠা

16 এই ছবিতে দেখানো কার্যকলাপগুলির প্রতি জনসমর্থন কেন হ্রাস পেয়েছিল?

(1) ব্যক্তিগত আচরণ নিয়ন্ত্রণ করা কঠিন ছিল।
(2) ফেডারেল বাজেট ভারসাম্যপূর্ণ করা যায়নি।
(3) জনসাধারণের যাতায়াত ব্যাহত হয়েছিল।
(4) পরিবেশবিদদের পক্ষ থেকে উদ্বেগ উত্থাপিত হয়েছিল।

17 ও 18 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া ছবি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**হুভারভিল (Hooverville)**
**সিয়াটেল, ওয়াশিংটন (Seattle, Washington)**



উৎস: James P. Lee, 10 জুন, 1937 (অভিযোজিত)

17 এই ছবিতে দেখানো ধরনের "হুভারভিল" গড়ে ওঠার প্রধান কারণ কী ছিল?

(1) মহামন্দার সময় লক্ষ লক্ষ আমেরিকান বেকার ছিল।
(2) মহাসড়ক নির্মাণে নগরাঞ্চলের পাড়াগুলি ধ্বংস হয়েছিল।
(3) আবাসন নির্মাণ উপশহরের বাড়ির চাহিদার সঙ্গে তাল মেলাতে পারেনি।
(4) যুক্তরাষ্ট্রের দ্বিতীয় বিশ্বযুদ্ধে প্রবেশের ফলে নির্মাণসামগ্রীর ঘাটতি দেখা দেয়।

18 রাষ্ট্রপতি ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট (Franklin D. Roosevelt)-এর নিউ ডিল কর্মসূচি এই ছবিতে দেখানো সমস্যাটি মোকাবিলা করার চেষ্টা করেছিল এভাবে

(1) সমস্যাটি সুপ্রিম কোর্টে পাঠিয়ে
(2) স্থানীয় পুলিশ ব্যবহার করে "হুভারভিল" বাসিন্দাদের উচ্ছেদ করে
(3) বাসিন্দাদের খাদ্য, জল ও চিকিৎসা সরবরাহ করে
(4) কর্মসংস্থান এবং স্বল্পসুদে গৃহঋণ প্রদান করে

19 এবং 20 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া রেজুলেশন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেট ও প্রতিনিধি পরিষদ কংগ্রেসে সমবেত হয়ে এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করছে যে, দুই বা ততোধিক বিদেশি রাষ্ট্রের মধ্যে যুদ্ধ শুরু হলে বা যুদ্ধ চলাকালীন, রাষ্ট্রপতি সেই ঘটনার ঘোষণা করবেন; এবং এরপর থেকে যুক্তরাষ্ট্রের যে কোনও স্থান বা যুক্তরাষ্ট্রের অধিভুক্ত অঞ্চল থেকে কোনও যুদ্ধরত রাষ্ট্রের বন্দরে, অথবা কোনও নিরপেক্ষ বন্দরে — যেখান থেকে যুদ্ধরত দেশের জন্য বা তাদের ব্যবহারের উদ্দেশ্যে পুনঃরপ্তানি করা হবে — সেখান থেকে অস্ত্র, গোলাবারুদ বা যুদ্ধোপকরণ রপ্তানি করা বেআইনি হবে।
>
> রাষ্ট্রপতি ঘোষণার মাধ্যমে স্পষ্টভাবে সেই সব অস্ত্র, গোলাবারুদ বা যুদ্ধোপকরণের [নাম] উল্লেখ করবেন, যেগুলির রপ্তানি এই আইনের অধীনে নিষিদ্ধ।
>
> রাষ্ট্রপতি সময়ে সময়ে ঘোষণার মাধ্যমে, যেসব রাষ্ট্র পরবর্তীকালে এই ধরনের যুদ্ধে জড়িয়ে পড়বে, তাদের ক্ষেত্রেও অস্ত্র, গোলাবারুদ বা যুদ্ধোপকরণের রপ্তানির উপর এই নিষেধাজ্ঞা সম্প্রসারিত করতে পারবেন। . . .

উৎস: Joint Resolution of Congress (কংগ্রেসের যৌথ প্রস্তাব), 31 আগস্ট, 1935

19 এই প্রস্তাবটি কংগ্রেস পাস করেছিল কোন উদ্দেশ্যে


(1) লীগ অব নেশনসে যুক্তরাষ্ট্রের অংশগ্রহণকে সমর্থন করা
(2) যুক্তরাষ্ট্রে শিল্পোন্নয়নকে সমর্থন করা
(3) বিদেশি সংঘাতে জড়িয়ে পড়া প্রতিরোধ করা
(4) পোল্যান্ডে জার্মান আক্রমণ প্রতিহত করা

20 পরবর্তীকালে কংগ্রেসের কোন আইনগত পদক্ষেপটি এই প্রস্তাব থেকে পরিবর্তনের প্রতিফলন ঘটিয়েছিল?

(1) ওয়াগনার আইন (Wagner Act)
(2) সোশ্যাল সিকিউরিটি আইন (Social Security Act)
(3) ফেয়ার লেবার স্ট্যান্ডার্ডস আইন (Fair Labor Standards Act)
(4) লেন্ড-লিজ আইন (Lend-Lease Act)

এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

21 এবং 22 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া ছবি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।







উৎস: National Archives, এপ্রিল, 1942 (অভিযোজিত)

21 কোন ঘটনাটি এই ছবিগুলিতে দেখানো পরিস্থিতির সৃষ্টি করেছিল?

(1) জাপান যুক্তরাষ্ট্রের কাছে আত্মসমর্পণ করেছিল।
(2) পার্ল হারবারে যুক্তরাষ্ট্র আক্রমণের শিকার হয়েছিল।
(3) সুপ্রিম কোর্ট *কোরেমাতসু বনাম যুক্তরাষ্ট্র (Korematsu* v. *United States)* মামলায় রায় দিয়েছিল।
(4) যুক্তরাষ্ট্র হিরোশিমা ও নাগাসাকিতে পারমাণবিক বোমা নিক্ষেপ করেছিল।

22 দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় যুক্তরাষ্ট্র সরকার গৃহীত কোন পদক্ষেপটি এই ছবিগুলিতে প্রতিফলিত হয়েছে?

(1) সেনাবাহিনীতে জাতিগত বিভাজন
(2) জাপানি-আমেরিকানদের অন্তরীণকরণ
(3) প্রতিরক্ষা শিল্পে আরও বেশি নারী নিয়োগ
(4) খসড়া আইনের বিরোধিতা করা নাগরিকদের বহিষ্কার

23 ও 24 নম্বর প্রশ্নের উত্তর নিচের ভাষণ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . বর্তমানে ইউরোপ যে অর্থনৈতিক দুর্দশার মধ্যে রয়েছে, তা সেই সব মানুষের মধ্যে রাজনৈতিক সংগ্রামকে তীব্র করেছে, যারা আইনের শাসনের অধীনে স্বাধীন মানুষ হিসেবে বাঁচতে চায়, এবং তাদের মধ্যে, যারা অর্থনৈতিক সংকটকে অজুহাত হিসেবে ব্যবহার করে একনায়কতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা করতে চায়।
>
> আগামী কয়েক বছর নির্ধারণ করে দেবে ইউরোপের মুক্ত দেশগুলি তাদের স্বাধীনতার ঐতিহ্য সংরক্ষণ করতে পারবে কি না। ইউরোপ যদি পুনরুদ্ধারে ব্যর্থ হয়, তবে এই দেশগুলির জনগণ হতাশার দর্শনের দিকে ধাবিত হতে পারে—যে দর্শন মনে করে, মৌলিক চাহিদা পূরণ করা সম্ভব কেবল মৌলিক অধিকার একনায়কতান্ত্রিক নিয়ন্ত্রণের হাতে সমর্পণ করার মাধ্যমে।
>
> এ ধরনের পরিস্থিতি বিশ্বে শান্তি ও স্থিতিশীলতার উপর এক ভয়াবহ আঘাত হানবে। এটি আমাদের নিজস্ব অর্থনৈতিক ব্যবস্থাতেও পরিবর্তন আনতে বাধ্য করতে পারে এবং আমাদের নিরাপত্তার স্বার্থে বহু স্বাধীনতা ও সুবিধা ত্যাগ করতে হতে পারে।
>
> এই কারণগুলির জন্যই ইউরোপের জনগণের মধ্যে এই বিশ্বাস দৃঢ় করা, যে ভয় ও অভাব থেকে মুক্তি স্বাধীন ও গণতান্ত্রিক সরকারের অধীনেই অর্জিত হবে, যুক্তরাষ্ট্রের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। . . .

উৎস: President Harry Truman (রাষ্ট্রপতি হ্যারি ট্রুম্যান), Special Message to Congress (কংগ্রেসে বিশেষ বার্তা), 19 ডিসেম্বর, 1947


23 এই ভাষণে রাষ্ট্রপতি হ্যারি ট্রুম্যান (President Harry Truman) কোন বিষয়ে সমর্থন চাইছিলেন?

(1) দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসান ঘটাতে পারমাণবিক অস্ত্র
(2) যুদ্ধাপরাধীদের বিচারের জন্য ন্যুরেমবার্গ ট্রায়াল
(3) মার্শাল পরিকল্পনা (Marshall Plan)-র মাধ্যমে অর্থনৈতিক সহায়তা
(4) সশস্ত্র বাহিনীর বর্ণভিত্তিক বিভাজন বিলোপ

24 রাষ্ট্রপতি ট্রুম্যান (President Truman) এই ভাষণ দিয়েছিলেন কারণ তিনি প্রতিশ্রুতিবদ্ধ ছিলেন

(1) দ্বিতীয় বিশ্বযুদ্ধ-পূর্ব বিচ্ছিন্নতাবাদে ফিরে যাওয়ার জন্য
(2) ইউরোপ দখল থেকে অক্ষশক্তিগুলিকে প্রতিহত করার জন্য
(3) কমিউনিজমের বিস্তার রোধ করার জন্য
(4) নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন (NATO) ভেঙে দেওয়ার জন্য

25 এবং 26 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া গ্রাফ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Women's Sports Foundation (অভিযোজিত)

25 এই গ্রাফে দেখানো মেয়েদের অংশগ্রহণে পরিবর্তনের জন্য সরাসরি দায়ী ছিল কোন সরকারি পদক্ষেপটি?


(1) টাইটেল IX প্রণয়ন
(2) আমেরিকানস উইথ ডিসএবিলিটিজ আইন (Americans with Disabilities Act) পাস
(3) রাষ্ট্রপতি রোনাল্ড রেগান (President Ronald Reagan)-এর একটি নির্বাহী আদেশ
(4) সুপ্রিম কোর্টের *ম্যাপ* বনাম *ওহাইও* (*Mapp* v. *Ohio*) মামলার রায়

26 এই গ্রাফে নির্দেশিত পরিবর্তনের একটি ফলাফল ছিল

(1) উচ্চ বিদ্যালয়ের ক্রীড়া প্রশিক্ষকদের বেতনের বৃদ্ধি
(2) উচ্চ বিদ্যালয়ের খেলাধুলায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মোট সংখ্যার হ্রাস
(3) কলেজ ডিগ্রি অর্জনকারী নারীদের সামগ্রিক সংখ্যার হ্রাস
(4) কলেজ পর্যায়ে ক্রীড়া বৃত্তি অর্জনকারী নারীদের সংখ্যার বৃদ্ধি

27 এবং 28 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া ছবি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।

**একজন WPA কর্মী বেতন পাচ্ছেন, জানুয়ারি 1939**




উৎস: National Archives

### আমেরিকান রিকভারি অ্যান্ড রিইনভেস্টমেন্ট অ্যাক্ট দ্বারা অর্থায়িত একটি সেতু-সম্প্রসারণ প্রকল্প, জুলাই 2009




উৎস: Encyclopedia Britannica

27 এই ছবিগুলিতে দেখানো পরিস্থিতির জন্য কোন কারণটি দায়ী ছিল?

(1) বেকারত্বের হার বৃদ্ধি
(2) তীব্র আবহাওয়াজনিত দুর্যোগের ক্ষয়ক্ষতি
(3) বেবি বুমের ফলে জনসংখ্যাগত পরিবর্তন
(4) বহুজাতিক কর্পোরেশনের বিস্তার

28 এই ছবিগুলি ফেডারেল সরকারের কোন অবস্থানকে সমর্থন করার ইঙ্গিত দেয়?

(1) ব্যর্থ কর্পোরেশনগুলির মালিকানা গ্রহণ
(2) লেসে-ফেয়ার পুঁজিবাদী নীতিতে প্রত্যাবর্তন
(3) জনকল্যাণমূলক কাজ ও অবকাঠামো প্রকল্পে বিনিয়োগ
(4) শ্রমিকদের নয়, বরং বৃহৎ ব্যবসার মালিকদের সহায়তা

এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

**সংক্ষিপ্ত-রচনাধর্মী প্রশ্ন (29 ও 30) এবং (37)-নম্বরে নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনাধর্মী প্রশ্নের উত্তর আলাদা উত্তরপত্রে লিখতে হবে।**

## অংশ II

## সংক্ষিপ্ত-রচনাধর্মী প্রশ্ন (SEQ)

**এই সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলি সঙ্গে দেওয়া নথিগুলির উপর ভিত্তি করা এবং ঐতিহাসিক নথি নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য তৈরি করা হয়েছে। প্রতিটি সংক্ষিপ্ত-রচনাধর্মী প্রশ্নের সেটে দু'টি করে নথি আছে। এই প্রশ্নগুলির উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

---

### SEQ সেট 1 (প্রশ্ন 29)

**কাজ: এই নথিগুলো পাঠ ও বিশ্লেষণের ভিত্তিতে, আপনার সমাজবিজ্ঞান সম্পর্কিত জ্ঞান ও দক্ষতা প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত প্রবন্ধ লিখুন, যেখানে আপনি:**

- এই নথিগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- নথিতে প্রাপ্ত এই সমস্ত ঘটনা বা ধারণাগুলির মধ্যেকার ***সম্পর্ক*** (কারণ ও প্রভাব, ***কিংবা*** সাদৃশ্য/বৈসাদৃশ্য, ***অথবা*** মোড়) শনাক্ত করুন ও তা ব্যাখ্যা করুন।

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করা** অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রেক্ষাপট** অর্থ "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**শনাক্ত করুন** অর্থ "একটি নাম দেওয়া বা নাম করা।"

**ব্যাখ্যা করুন** অর্থ "সরল করা বোঝা যায় এমন করা; কোনো কিছুর কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা, কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।"

**সম্পর্কের ধরন:**

**কারণ অর্থ** "কোনো কিছু যা কোনো ঘটনা ঘটার প্রতি অবদান রাখে একটি ধারনার জাগরণ, বা কোনো বিকাশ সংঘটিত করা"

**প্রভাব অর্থ** "একটি ঘটনা, একটি ধারণা বা একটি বিকাশের পরিণামস্বরূপ যা ঘটে (ফলাফল, প্রভাব, পরিণতি)"

**মিল** বলতে কীভাবে "কোনো কিছু অন্য কোনো কিছুর মতো হয় বা একই হয়।"

**পার্থক্য** বলতে কীভাবে "কোনো কিছু অন্য কোনো কিছুর মতো নয় বা একই নয়।"

**সন্ধিক্ষণ** হল "বড় ঘটনা, ধারণা বা ঐতিহাসিক বিকাশ যা উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে আসে। এটি স্থানীয়, আঞ্চলিক, জাতীয়, বা বৈশ্বিক হতে পারে।"

***SEQ সেট 1 নির্দেশনা* (প্রশ্ন 29):** আপনার সংক্ষিপ্ত প্রবন্ধটি আলাদা প্রবন্ধপত্রে লেখার আগে নিম্নলিখিত নথিগুলো পড়ুন এবং বিশ্লেষণ করুন।

## নথি 1

. . . যেমন অন্যান্য নাগরিক অধিকারসংক্রান্ত আইন পূর্বে অনুমোদিত বৈষম্যকে বেআইনি করেছে, তেমনি 1988 সালের আমেরিকানস উইথ ডিসএবিলিটিজ অ্যাক্ট পাস হলে প্রতিবন্ধী সকল ব্যক্তির বিরুদ্ধে সুরক্ষাবাদী, পিতৃতান্ত্রিক ও অজ্ঞতাজনিত বৈষম্যকেও বেআইনি ঘোষণা করা হবে।

আমরা, প্রতিবন্ধী ব্যক্তিরা, আজ এখানে উপস্থিত হয়েছি এই নিশ্চয়তা দিতে যে, প্রতিবন্ধী আমেরিকানদের সেই স্বাভাবিক দৈনন্দিন জীবন নিশ্চিত করা হবে, যা অপ্রতিবন্ধী আমেরিকানরা প্রায়ই স্বতঃসিদ্ধ বলে ধরে নেন: বাস বা ট্রেনে চড়ার অধিকার; যে কোনও যোগ্যতার ভিত্তিতে চাকরির অধিকার; যে কোনও থিয়েটার, রেস্তোরাঁ বা জনসাধারণের ব্যবহারের স্থানে প্রবেশের অধিকার; বাড়ি কেনা বা অ্যাপার্টমেন্ট ভাড়া নেওয়ার অধিকার; উপযুক্ত যোগাযোগের অধিকার।

আপনার যদি HIV সংক্রমণ, ক্যান্সার, হৃদরোগ, পিঠের সমস্যা, মৃগী, ডায়াবেটিস, পোলিও, মাসকুলার ডিস্ট্রফি, সেরিব্রাল পালসি, মাল্টিপল স্ক্লেরোসিস থাকে, অথবা আপনি বধির বা অন্ধ হন—বৈষম্য আমাদের সকলকে একইভাবে প্রভাবিত করে। সংক্ষেপে বলতে গেলে, আজ আমরা বলতে এসেছি যে আমাদের সমাজের মানুষদের মধ্যে গড়ে ওঠা পক্ষপাতদুষ্ট মনোভাবের ফলেই যুক্তরাষ্ট্রের 42 মিলিয়ন প্রতিবন্ধী ব্যক্তির বিরুদ্ধে চরম বৈষম্য সংঘটিত হয়েছে। . . .

উৎস: Judith Heumann, Joint House-Senate Hearing on Discrimination on the Basis of Disability (প্রতিবন্ধিতার ভিত্তিতে বৈষম্য সংক্রান্ত যৌথ হাউস-সেনেট শুনানি), 27 সেপ্টেম্বর, 1988

## নথি 2

> . . . এই আইনটির মাধ্যমে আমাদের সাফল্য প্রমাণ করে যে আমরা স্বাধীনতার ঘোষণাপত্র রচয়িতা আমাদের সাহসী পূর্বপুরুষদের আদর্শের প্রতি আস্থা রাখছি: "আমরা এই সত্যগুলোকে স্বতঃসিদ্ধ বলে মানি যে সকল মানুষ সমানভাবে সৃষ্টি, এবং স্রষ্টা তাঁদেরকে কিছু অখণ্ডনীয় অধিকার দিয়েছেন।" দুই শতাব্দীরও বেশি সময় ধরে এই শব্দগুলো আমাদের পথপ্রদর্শক হয়েছে, যখন আমরা আরও পরিপূর্ণ এক ইউনিয়ন গড়ে তুলতে পরিশ্রম করেছি। কিন্তু দুঃখজনকভাবে, বহু আমেরিকানের জন্য স্বাধীনতার আশীর্বাদ সীমিত ছিল বা একেবারেই অস্বীকৃত হয়েছে। '64 সালের সিভিল রাইটস অ্যাক্ট এই অন্যায় সংশোধনের পথে একটি সাহসী পদক্ষেপ নিয়েছিল। তবু নির্মম বাস্তবতা ছিল এই যে, প্রতিবন্ধী ব্যক্তিরা এখনও বিচ্ছিন্নতা ও বৈষম্যের শিকার হচ্ছিলেন, যা সহ্য করা যায় না। আজকের আইন আমাদের সেই দিনের আরও কাছাকাছি নিয়ে আসে, যখন কোনও আমেরিকান আর কখনও জীবন, স্বাধীনতা ও সুখের অনুসন্ধানের মৌলিক নিশ্চয়তা থেকে বঞ্চিত হবেন না।
>
> এই আইনটি তার সরলতাতেই শক্তিশালী। এটি নিশ্চিত করবে যে প্রতিবন্ধী ব্যক্তিরা সেই মৌলিক নিশ্চয়তাগুলি পাবেন, যেগুলির জন্য তাঁরা দীর্ঘদিন ধরে কঠোর পরিশ্রম করেছেন: স্বনির্ভরতা, পছন্দের স্বাধীনতা, নিজের জীবনের উপর নিয়ন্ত্রণ, এবং আমেরিকার মূলধারার সমৃদ্ধ বৈচিত্র্যের সঙ্গে সম্পূর্ণ ও সমানভাবে মিশে যাওয়ার সুযোগ। আইনগতভাবে, এটি আমাদের প্রতিবন্ধী সম্প্রদায়কে সুরক্ষা ও মৌলিক নাগরিক অধিকারগুলির এক শক্তিশালী সম্প্রসারণ প্রদান করবে। এটি আমেরিকান জীবনের সুফলগুলিতে ন্যায্য ও সুবিচারমূলক প্রবেশাধিকার নিশ্চিত করবে—যা আমরা সকলেই উপভোগ করার অধিকারী। . . .

উৎস: President George H. W. Bush (রাষ্ট্রপতি জর্জ এইচ. ডব্লিউ. বুশ), Remarks at the Signing of the Americans with Disabilities Act. (আমেরিকানস উইথ ডিসএবিলিটিজ অ্যাক্টে স্বাক্ষরকালে প্রদত্ত ভাষণ), 26 জুলাই, 1990

---

### SEQ সেট 1 (প্রশ্ন 29)

**কাজ: এই নথিগুলো পাঠ ও বিশ্লেষণের ভিত্তিতে, আপনার সমাজবিজ্ঞান সম্পর্কিত জ্ঞান ও দক্ষতা প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত প্রবন্ধ লিখুন, যেখানে আপনি:**

- এই নথিগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- নথিতে প্রাপ্ত এই সমস্ত ঘটনা বা ধারণাগুলির মধ্যেকার ***সম্পর্ক*** (কারণ ও প্রভাব, ***কিংবা*** সাদৃশ্য/বৈসাদৃশ্য, ***অথবা*** মোড়) শনাক্ত করুন ও তা ব্যাখ্যা করুন।

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায়, অবশ্যই**
- কাজটির সকল দিক বিকাশ করবেন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটি প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

## SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: এই নথিগুলো পাঠ ও বিশ্লেষণের ভিত্তিতে, আপনার সমাজবিজ্ঞান সম্পর্কিত জ্ঞান ও দক্ষতা প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত প্রবন্ধ লিখুন, যেখানে আপনি:**

- নথি 1 ও 2-এর ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- বিশ্লেষণ করুন **নথি 1** এমূল্যায়ন করে কীভাবে তা *দর্শক*, **বা** *উদ্দেশ্য*, **বা** *পক্ষপাত*, **বা** *দৃষ্টিভঙ্গি*-এর কারণে বিশ্বাসযোগ্য ও সাক্ষ্যবহ নথিতে সীমাবদ্ধ।

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করা** অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রেক্ষাপট** অর্থ "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**বিশ্লেষণ** বলতে "কোনো নথিকে পরীক্ষা করে এর উপাদান ও সম্পর্ক অনুধাবন করাকে বোঝানো হয়।"

**ব্যাখ্যা করুন** অর্থ "সরল করা বোঝা যায় এমন করা; কোনো কিছুর কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা, কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।"

**নির্ভরযোগ্যতা** নির্ধারণ করা হয় একটি উৎসে প্রাপ্ত তথ্য কতটা নিখুঁত এবং উপযোগী একটি নির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য তার উপর ভিত্তি করে।

---

***SEQ সেট 2 নির্দেশনা* (প্রশ্ন 30):** আপনার সংক্ষিপ্ত প্রবন্ধটি আলাদা প্রবন্ধপত্রে লেখার আগে নিম্নলিখিত নথিগুলো পড়ুন এবং বিশ্লেষণ করুন।

### নথি 1

. . . আমি বিশ্বাস করি, দক্ষিণ ভিয়েতনামে আমাদের স্থলবাহিনীকে সর্বনিম্ন পর্যায়ে সীমাবদ্ধ রাখা উচিত—সেই দেশে আমাদের স্থাপনা ও সম্পত্তির সুরক্ষার সঙ্গে সামঞ্জস্য রেখে। আমার আশঙ্কা হলো, যুক্তরাষ্ট্রের স্থলসেনার ব্যাপক সমাবেশ কমিউনিস্টদের কাছে এবং বিশ্ববাসীর দৃষ্টিতে এমনভাবে ব্যাখ্যা হতে পারে যে, আমরা স্থলযুদ্ধের মাধ্যমে যুদ্ধ জয়ের সংকল্প নিয়েছি।

এটি একটি কাদাজটে পরিণত হতে পারে। এটি আমাদের পক্ষ থেকে এক ধরনের অনির্দিষ্টকালের প্রতিশ্রুতিতে রূপ নিতে পারে, যেখানে বাস্তবসম্মত চূড়ান্ত বিজয়ের আশা ছাড়াই ক্রমশ আরও বেশি স্থলসেনা পাঠাতে হবে।

আমি মনে করি না যে পরিস্থিতিটি কোরিয়ার সঙ্গে তুলনীয়। সংশ্লিষ্ট পক্ষগুলির রাজনৈতিক অবস্থান এবং ভৌত পরিস্থিতি—ভূপ্রকৃতিসহ—সম্পূর্ণ ভিন্ন। . . .

উৎস: Clark M. Clifford, Chairman of the President's Intelligence Advisory Board (প্রেসিডেন্টের ইন্টেলিজেন্স অ্যাডভাইজরি বোর্ডের চেয়ারম্যান), Letter to President Lyndon Johnson (রাষ্ট্রপতি লিন্ডন জনসনকে লেখা চিঠি), 17 মে, 1965

**নথি 2**

. . . কেন তরুণ আমেরিকানদের—যারা আশা ও সোনালি সম্ভাবনায় ভরপুর এক দেশে জন্মেছে—এত দূর ও প্রত্যন্ত এক স্থানে পরিশ্রম করতে, কষ্ট পেতে, এবং কখনও কখনও প্রাণ দিতে হবে?

উত্তরটি, যুদ্ধটির মতোই, সহজ নয়; তবে তা গত অর্ধশতাব্দীর বেদনাদায়ক শিক্ষাগুলি থেকে স্পষ্টভাবে প্রতিধ্বনিত হয়। আমার জীবদ্দশায় তিনবার, দুটি বিশ্বযুদ্ধে এবং কোরিয়ায়, আমেরিকানরা স্বাধীনতার জন্য দূরদেশে লড়াই করতে গিয়েছে। ধীনতার জন্য লড়াই করতে দূর দেশে গিয়েছে। আমরা ভয়াবহ ও নিষ্ঠুর মূল্যে শিখেছি যে, পিছু হটা নিরাপত্তা আনে না এবং দুর্বলতা শান্তি বয়ে আনে না। . . .

সে যুদ্ধক্লিষ্ট ভূখণ্ডে আমাদের লক্ষ্য কী?

প্রথমত, আমরা কমিউনিস্টদের বোঝাতে চাই যে অস্ত্রের জোরে বা শ্রেষ্ঠ শক্তি দিয়ে আমাদের পরাজিত করা যাবে না। তাদের সহজে বোঝানো যায় না। সাম্প্রতিক মাসগুলিতে তারা তাদের যুদ্ধ বাহিনী, আক্রমণ এবং ঘটনার সংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়িয়েছে। . . .

আজ আমি ভিয়েতনামে এয়ার মোবাইল ডিভিশন এবং আরও কিছু বাহিনী পাঠানোর নির্দেশ দিয়েছি, যার ফলে আমাদের যুদ্ধক্ষমতা প্রায় সঙ্গে সঙ্গে 75,000 থেকে 125,000 জনে উন্নীত হবে। পরবর্তীতে আরও বাহিনীর প্রয়োজন হবে, এবং প্রয়োজন অনুযায়ী সেগুলি পাঠানো হবে।

এর ফলে আমাদের সক্রিয় যুদ্ধবাহিনী বৃদ্ধি করা প্রয়োজন হবে, সময়ের সঙ্গে সঙ্গে মাসিক খসড়া আহ্বান 17,000 থেকে বাড়িয়ে প্রতি মাসে 35,000-এ উন্নীত করতে হবে, এবং স্বেচ্ছাসেবী নিয়োগের জন্য আমাদের প্রচার আরও জোরদার করতে হবে। . . .

এই পদক্ষেপগুলি, আমাদের অতীতের কার্যকলাপের মতোই, সতর্কভাবে পরিমিত, যাতে আগ্রাসনের অবসান ঘটিয়ে শান্তিপূর্ণ সমাধানে পৌঁছানো যায়। . . .

কারণ আমাদের আমেরিকান প্রতিশ্রুতির পেছনে রয়েছে, আমি বিশ্বাস করি, সমগ্র আমেরিকান জাতির দৃঢ় সংকল্প ও সম্পদ।. . .

উৎস: President Lyndon B. Johnson (রাষ্ট্রপতি লিন্ডন বি. জনসন), Press Conference (সংবাদ সম্মেলন), 28 জুলাই, 1965

---

## SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: এই নথিগুলো পাঠ ও বিশ্লেষণের ভিত্তিতে, আপনার সমাজবিজ্ঞান সম্পর্কিত জ্ঞান ও দক্ষতা প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত প্রবন্ধ লিখুন, যেখানে আপনি:**

- নথি 1 ও 2-এর ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- বিশ্লেষণ করুন **নথি 1** এমূল্যায়ন করে কীভাবে তা *দর্শক*, **বা** *উদ্দেশ্য*, **বা** *পক্ষপাত*, **বা** *দৃষ্টিভঙ্গি*-এর কারণে বিশ্বাসযোগ্য ও সাক্ষ্যবহ নথিতে সীমাবদ্ধ।

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায়, অবশ্যই**

- কাজটির সকল দিক বিকাশ করবেন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটি প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

নাম ______________________________ স্কুল ______________________________

## অংশ III

### নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা (প্রশ্ন নম্বর 31-37)

**নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনা প্রশ্নটি এর সাথে থাকা নথির উপর নির্ভর করা। প্রশ্নটি আপনার ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার ক্ষমতার পরীক্ষা করার জন্য তৈরি। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। নথিগুলি বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং এই নথিতে উপস্থাপন করতে পারে এমন যেকোনো দৃষ্টিভঙ্গি বিবেচনা করুন। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

**ঐতিহাসিক প্রেক্ষাপট: একটি শক্তিশালী জাতীয় সরকারের সৃষ্টি**

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক ও নাগরিক সমস্যা নিয়ে মার্কিনদের মধ্যে বিতর্ক তৈরি হয়েছে। স্বতন্ত্র কোনো ব্যক্তি, গোষ্ঠী এবং সরকারের মাধ্যমে সমস্যাগুলির সমাধানেরও চেষ্টা হয়েছে। প্রচেষ্টাগুলি বিভিন্ন মাত্রায় সফলতাও পেয়েছে। এই সাংবিধানিক ও নাগরিক সমস্যাগুলির মধ্যে একটি হল *একটি শক্তিশালী জাতীয় সরকারের সৃষ্টি*।

**কাজ:** A-অংশের নথিগুলি পড়ুন ও বিশ্লেষণ করুন। মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে, A ভাগের প্রতিটি নথির নিচে থাকা প্রশ্নের উত্তর দিন। আপনার লিখিত প্রশ্নের উত্তর B ভাগের প্রবন্ধ লিখতে সাহায্য করবে, যেখানে জিজ্ঞাসা করা হবে

- এই সাংবিধানিক বা নাগরিক সমস্যার চারপাশের ঐতিহাসিক পরিস্থিতি বর্ণনা করুন
- এই সাংবিধানিক বা নাগরিক সমস্যা সমাধানের জন্য ব্যক্তি, গোষ্ঠী এবং/অথবা সরকারের প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজে প্রচেষ্টার প্রভাব নিয়ে আলোচনা করুন

**অংশ III-এর উত্তরগুলি তৈরি করার সময় এই সাধারণ সংজ্ঞাগুলি মনে রাখবেন:**

(a) **বর্ণনা করুন অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা"**

(b) **ব্যাখ্যা করুন অর্থ "স্পষ্ট করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ বলা বা কোনো কিছুর কারণ বলা; বা কোনো কিছুর ঘটনাপ্রবাহ বা কোনো কিছুর সাথে সম্পর্ক"**

(c) **আলোচনা করুন অর্থ "কোনো বিষয় সম্পর্কে পর্যবেক্ষণ করা তথ্য, যুক্তি, এবং তর্ক ব্যবহার করে; বিষয়বস্তু উপস্থাপন করা"**

**নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনা**
**অংশ A**
**সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর (31-36)**

*নির্দেশনা:* নথিগুলি বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির পরে যে সংক্ষিপ্ত প্রশ্নগুলি আছে প্রদত্ত স্থানে তার উত্তর দিন।

**নথি 1**

. . . কনফেডারেশন গঠনের প্রায় সঙ্গে সঙ্গেই, [জেমস] ম্যাডিসন (James Madison) সহ বহু আমেরিকান বুঝতে শুরু করেন যে এটি তাদের প্রত্যাশিত কাজগুলি সম্পাদনের জন্য অত্যন্ত দুর্বল। 1780-এর দশকে সমস্যাগুলি ছিল গুরুতর ও সুস্পষ্ট। কংগ্রেস কর আদায় করতে পারত না এবং নিজস্ব বিল পরিশোধ করতে পারত না। তারা সেনাবাহিনীকে খাদ্য, পোশাক বা সরঞ্জাম সরবরাহ করতে অক্ষম ছিল। বাণিজ্য নিয়ন্ত্রণ বা ইউরোপীয় সাম্রাজ্যবাদী শক্তিগুলির বিরুদ্ধে প্রতিশোধমূলক ব্যবস্থা নিতে শুল্ক আরোপ করতেও পারত না। এমনকি কার্যক্রম চালানোর জন্য কোরাম জোগাড় করতেও সমস্যা হচ্ছিল। আর্টিকেলস অব কনফেডারেশন সংশোধন করে ইউরোপীয় আমদানিকৃত পণ্যের উপর 5 শতাংশ ইমপোস্ট (কর) আরোপের ক্ষমতা কংগ্রেসকে দেওয়ার চেষ্টা ব্যর্থ হয়, কারণ তেরোটি রাজ্যের সকলের সর্বসম্মত সম্মতি প্রয়োজন ছিল। আন্তর্জাতিক ক্ষেত্রেও যুক্তরাষ্ট্র অপমানিত হচ্ছিল। ভূমধ্যসাগরে বারবারি জলদস্যুরা আমেরিকান জাহাজ দখল করে নাবিকদের দাস হিসেবে বিক্রি করছিল, এবং কনফেডারেশন তা ঠেকাতে সম্পূর্ণ অক্ষম ছিল। নতুন রাষ্ট্রের ভৌগোলিক অখণ্ডতাও নিশ্চিত করতে তারা পারছিল না। 1783 সালের শান্তিচুক্তি অমান্য করে গ্রেট ব্রিটেন যুক্তরাষ্ট্রের উত্তর-পশ্চিমাঞ্চলের বিভিন্ন স্থানে সামরিক ঘাঁটি ধরে রেখেছিল। দক্ষিণ-পশ্চিমে স্পেন এমন অঞ্চল দাবি করছিল, যার মধ্যে বর্তমান আলাবামা ও মিসিসিপির বড় অংশ অন্তর্ভুক্ত ছিল, এবং তারা আমেরিকান বিদ্রোহীদের সঙ্গে যোগসাজশ করে ইউনিয়ন থেকে বিচ্ছিন্ন করার ষড়যন্ত্র করছিল। . . .

উৎস: Gordon Wood, *Revolutionary Characters: What Made the Founders Different (বিপ্লবী চরিত্ররা: কী কারণে প্রতিষ্ঠাতারা ভিন্ন ছিলেন)*, Penguin Press, 2006

31 গর্ডন উড (Gordon Wood)-এর মতে, শক্তিশালী জাতীয় সরকার গঠনের দিকে নিয়ে যাওয়া ***একটি*** ঐতিহাসিক পরিস্থিতি কী ছিল? [1]

Score


**নথি 2a**

. . . 1786 সালের শীতকালে ম্যাসাচুসেটসে, ঋণে জর্জরিত কৃষকেরা, যাদের জমি বাজেয়াপ্ত করা হচ্ছিল—রাজ্য কর দিতে অস্বীকার করে, স্থানীয় আদালত বন্ধ করে দেয় এবং একটি সরকারি অস্ত্রাগার দখল করে। ম্যাসাচুসেটসের সেনারা কৃষকদের এই বিদ্রোহ দমন করে—যা তাদের নেতা ড্যানিয়েল শেইস (Daniel Shays)-এর নামানুসারে 'শেইসের বিদ্রোহ' (Shays' Rebellion) নামে পরিচিত—অন্যদিকে কনফেডারেশন কংগ্রেস এই সংকটে সম্পূর্ণ অসহায় অবস্থায় দাঁড়িয়ে থাকে। 1786 সালের 18 মে জন জে (John Jay)-কে লেখা এক চিঠিতে জেনারেল ওয়াশিংটন (Washington) হতাশা প্রকাশ করে লেখেন, "যে উচ্চ অবস্থানে আমরা ছিলাম, সেখান থেকে এভাবে পতিত হওয়া! এতটা হারিয়ে যাওয়া! এটি সত্যিই লজ্জাজনক। ওয়াশিংটন (Washington) সহ জাতীয় নেতাদের কাছে শক্তিশালী কেন্দ্রীয় সরকারের প্রয়োজনীয়তা ক্রমশ স্পষ্ট হয়ে ওঠে। তবে আমেরিকানরা সদ্যই এক স্বৈরাচারী সরকারের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল এবং তাই সরকারি ক্ষমতার কেন্দ্রীকরণ নিয়ে সন্দিহান ছিল। . . .

উৎস: Donald Ritchie, *Our Constitution (আমদের সংবিধান)*, Oxford University Press, 2006

**নথি 2b**

1786 সালের শেইসের বিদ্রোহ (Shays' Rebellion) চলাকালীন সংঘর্ষের একটি খোদাই করা চিত্র।



উৎস: New York Public Library Digital Collections (অভিযোজিত)

32 এই নথিগুলির ভিত্তিতে, শক্তিশালী জাতীয় সরকার গঠনের দিকে নিয়ে যাওয়া ***একটি*** ঐতিহাসিক পরিস্থিতি কী ছিল? [1]

Score

**নথি 3**

. . . শেইসের বিদ্রোহ (Shays' Rebellion) জাতীয় সরকারের সম্ভাব্য ত্রুটিগুলির প্রতি দৃষ্টি আকর্ষণ করে, যা ক্রমশ আরও স্পষ্ট হয়ে উঠছিল। আসলে, ম্যাসাচুসেটসে দাঙ্গা শুরুর প্রায় দুই মাস আগেই কংগ্রেস সরকার পুনর্গঠনের একটি প্রস্তাব নিয়ে আলোচনা করেছিল। পরবর্তীতে, 1786 সালেই, মেরিল্যান্ডের অ্যানাপোলিসে একটি সম্মেলন আয়োজনের প্রস্তাব দেওয়া হয়। এই সম্মেলনের উদ্দেশ্য ছিল বিভিন্ন রাজ্যের মধ্যে বাণিজ্য সংক্রান্ত উদ্ভূত বহু সমস্যার সমাধান। অ্যানাপোলিস কনভেনশনের প্রতি প্রতিক্রিয়া ছিল খুবই মৃদু। আসলে, বৈঠক শুরু হওয়ার সময় মাত্র পাঁচটি রাজ্য প্রতিনিধিত্ব করেছিল। তবে এই বৈঠকের সময়েই শেইসের বিদ্রোহ (Shays' Rebellion) সংঘটিত হয়। চৌদ্দই সেপ্টেম্বর নিউ ইয়র্কের প্রতিনিধি আলেকজান্ডার হ্যামিল্টন (Alexander Hamilton)—যিনি, আমরা দেখেছি, শক্তিশালী জাতীয় সরকারের অন্যতম দৃঢ় সমর্থক ছিলেন—একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব উত্থাপন করেন। তিনি প্রস্তাব দেন যে, 1787 সালের মে মাসের দ্বিতীয় সোমবার ফিলাডেলফিয়ায় একটি নতুন সম্মেলনে সকল রাজ্যের প্রতিনিধি পাঠানো উচিত। হ্যামিল্টন (Hamilton)-এর মতে, এই সম্মেলনে শুধু বাণিজ্যিক সমস্যাই নয়, ইউনিয়নের সমস্যাগুলির মোকাবিলায় "ফেডারেল সরকারের সংবিধানকে যথাযথ করতে প্রয়োজনীয় সকল বিষয়" আলোচনা করা উচিত।

আবারও প্রতিক্রিয়া ছিল মৃদু, কিন্তু 21 ফেব্রুয়ারি, 1787-এ কংগ্রেস সম্মত হয় যে "আর্টিকেলস অব কনফেডারেশন সংশোধনের" উদ্দেশ্যে একটি সম্মেলন অনুষ্ঠিত হবে। অধিকাংশ প্রতিনিধি তখনও বুঝতে পারেননি যে ফিলাডেলফিয়ায় তারা কেবল আর্টিকেলস সংশোধনই করবেন না, বরং যুক্তরাষ্ট্রের জন্য এক নতুন ধরনের সরকার সৃষ্টি করবেন। . . .

উৎস: Martin W. Sandler et al., *The People Make A Nation*, Allyn and Bacon (অ্যালিন অ্যান্ড বেকন), 1971

33 এই নথিটির ভিত্তিতে, শক্তিশালী জাতীয় সরকার গঠনের উদ্দেশ্যে নেওয়া ***একটি*** উদ্যোগ কী ছিল? [1]

Score

**নথি 4**

. . . অনুমোদন প্রক্রিয়ার সময় সার্বভৌম জনগণের স্বার্থে সংবাদপত্রগুলি কী ছাপাবে, তা নিজেই বিতর্কের বিষয় হয়ে উঠেছিল। সংবিধান ছাপানো ঠিক ছিল; কিন্তু সেটির ত্রুটি নির্দেশ করে মন্তব্য প্রকাশ করা ছিল ভিন্ন বিষয়। অনুমোদনের পক্ষে লেখা প্রবন্ধগুলি ছাপাতে কোনও অসুবিধা হয়নি: 1787 সালের গ্রীষ্মকালেই, যখন ফেডারেল কনভেনশন গোপনে কাজ করছিল, তখন সংবাদপত্রে এমন প্রবন্ধ প্রকাশিত হচ্ছিল, যা প্রস্তাবিত যে কোনও শক্তিশালী জাতীয় সরকার গ্রহণের পক্ষে সওয়াল করছিল। কনভেনশন মুলতবি হওয়ার পর আরও প্রবন্ধ প্রকাশিত হয়, যেখানে সংবিধানের বর্ণনা দেওয়া হয় এবং তার প্রশংসা করা হয়। কিন্তু একটি বিতর্কের জন্য দুটি পক্ষের প্রয়োজন। সংবিধান সমালোচনা প্রচারে আনতে আরও কয়েক সপ্তাহ সময় লাগে এবং প্রয়োজন হয় দৃঢ় সাহস ও অনমনীয় দৃঢ়তার।

এই বিতর্ক শুরু হলে, সংবাদপত্রের বিতর্কগুলি কেবল রাজ্যগুলির অনুমোদন কনভেনশনে শুরু হতে যাওয়া আরও নির্ণায়ক বিতর্কের ভূমিকা হিসেবেই নয়, তার চেয়েও বেশি গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। এই বিতর্কগুলি ভোটারদের প্রভাবিত করেছিল, যারা কনভেনশনের প্রতিনিধি নির্বাচন করতেন, এবং প্রতিনিধিদের হাতে এমন বহু যুক্তি তুলে দিয়েছিল, যেগুলি তারা গ্রহণ করতে, প্রয়োজনে পরিবর্তন করতে এবং পুনরাবৃত্তি করতে পারতেন। . . .

উৎস: Pauline Maier, ***Ratification: The People Debate the Constitution, 1787-1788** (র‍্যাটিফিকেশন: জনগণ সংবিধান নিয়ে বিতর্ক করে, 1787-1788)*, Simon & Schuster, 2010

34 পলিন মেয়র (Pauline Maier)-এর মতে, শক্তিশালী জাতীয় সরকার গঠনের উদ্দেশ্যে নেওয়া ***একটি*** উদ্যোগ কী ছিল? [1]

Score

## নথি 5

> . . . আর্টিকেলস অব কনফেডারেশনের অধীনে দুর্বল জাতীয় সরকার বহু সমস্যার সৃষ্টি করেছিল। 1787 সালে এই সমস্যাগুলিই শেষ পর্যন্ত জাতীয় সরকারের জন্য একটি নতুন সনদ—মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান—রচনার উদ্দেশ্যে একটি কনভেনশন আহ্বানের কারণ হয়। কিন্তু সংবিধানে অধিকারপত্র না থাকার বিষয়টি ছিল বহু মানুষের বিরোধিতার প্রধান কারণ। অনেক রাজ্য সংবিধান অনুমোদন করতে অস্বীকার করে, যতক্ষণ না তাদের আশ্বাস দেওয়া হয় যে একটি অধিকারপত্র সংযোজন করা হবে। 1788 সালে তিন-চতুর্থাংশ রাজ্য সংবিধান অনুমোদন করার পরও কিছু রাজ্য এর ক্ষমতা হ্রাস করার জন্য দ্বিতীয় একটি কনভেনশন আহ্বানের হুমকি দেয়। অবশেষে সংবিধানে অধিকারপত্র সংযোজন করা হলে এই সংগ্রামের অবসান ঘটে। . . .

উৎস: Linda R. Monk, *The Bill of Rights: A User's Guide (দ্য বিল অব রাইটস: এ ইউজার্স গাইড)*, Hachette Books, 2018

35 লিন্ডা মঙ্ক (Linda Monk)-এর মতে, শক্তিশালী জাতীয় সরকার গঠনের প্রচেষ্টার ***একটি*** প্রভাব কী ছিল? [1]

Score

**নথি 6**

> প্রজন্মের পর প্রজন্ম টিকে থাকবে এমন একটি সরকার গঠনের মহান দায়িত্ব নিয়ে, একদল নিবেদিতপ্রাণ দেশপ্রেমিক 1787 সালে ফিলাডেলফিয়ায় সমবেত হয়েছিলেন এক নবোদিত [উদীয়মান] গণতন্ত্রের জন্য আরও স্থিতিশীল ও স্থায়ী কাঠামো নির্মাণের লক্ষ্যে। উদ্দীপ্ত বিতর্ক ও তীব্র আলোচনার মধ্য দিয়ে স্থায়ী সমঝোতা গড়ে ওঠে, এবং এক এমন দলিলের জন্ম হয় যা আমেরিকার ভিত্তিশিলা হয়ে ওঠে। 17 সেপ্টেম্বর স্বাক্ষরিত মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান পরিবর্তনশীল সময়ের মধ্য দিয়ে আমাদের দেশকে পথ দেখিয়ে এসেছে। এটি বিশ্বমঞ্চে আমাদের নেতৃস্থানীয় ভূমিকার দিশা দেয় এবং আমাদের নাগরিকদের মৌলিক অধিকার সুরক্ষিত রাখে। এবং এটি নিশ্চিত করে যে আমাদের জাতির মহত্ব কখনও কোনও একক ব্যক্তির উপর নির্ভর করে না—বরং তা নির্ভর করে সচেতন, সক্রিয় ও প্রাণবন্ত নাগরিকদের পূর্ণ অংশগ্রহণের উপর। . . .

উৎস: President Barack Obama (রাষ্ট্রপতি বারাক ওবামা), Presidential Proclamation—Constitution Day and Citizenship Day (রাষ্ট্রপতির ঘোষণা—সংবিধান দিবস ও নাগরিকত্ব দিবস), 16 সেপ্টেম্বর, 2016

36 রাষ্ট্রপতি বারাক ওবামা (President Barack Obama)-র মতে, শক্তিশালী জাতীয় সরকার গঠনের প্রচেষ্টার ***একটি*** প্রভাব কী ছিল? [1]

________________________________________

________________________________________

Score

অংশ B

## নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনাধর্মী প্রশ্ন (37)

*নির্দেশনা:* একটি ভালভাবে সংগঠিত রচনা লিখুন যাতে একটি ভূমিকা, বেশ কয়েকটি অনুচ্ছেদ, এবং একটি উপসংহার রয়েছে। রচনাটিতে *অন্তত* ***চারটি*** নথি থেকে প্রমাণ ব্যবহার করুন। প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিশদ তথ্য দিয়ে আপনার প্রতিক্রিয়া সমর্থন করুন। অতিরিক্ত বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করুন।

### ঐতিহাসিক প্রেক্ষাপট: একটি শক্তিশালী জাতীয় সরকারের সৃষ্টি

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক ও নাগরিক সমস্যা নিয়ে মার্কিনদের মধ্যে বিতর্ক তৈরি হয়েছে। স্বতন্ত্র কোনো ব্যক্তি, গোষ্ঠী এবং সরকারের মাধ্যমে সমস্যাগুলির সমাধানেরও চেষ্টা হয়েছে। প্রচেষ্টাগুলি বিভিন্ন মাত্রায় সফলতাও পেয়েছে। এই সাংবিধানিক ও নাগরিক সমস্যাগুলির মধ্যে একটি হল *একটি শক্তিশালী জাতীয় সরকারের সৃষ্টি*।

**কাজ:** নথি থেকে তথ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে, একটি রচনা লিখুন যাতে আপনি

- এই সাংবিধানিক বা নাগরিক সমস্যার চারপাশের ঐতিহাসিক পরিস্থিতি বর্ণনা করুন
- এই সাংবিধানিক বা নাগরিক সমস্যা সমাধানের জন্য ব্যক্তি, গোষ্ঠী এবং/অথবা সরকারের প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজে প্রচেষ্টার প্রভাব নিয়ে আলোচনা করুন

**নির্দেশিকা:**

**আপনার রচনায় অবশ্যই**

- কাজটির সকল দিক বিকাশ করবেন
- এই বিষয়ের মোকাবিলা করার জন্য *অন্তত* ***দুটি*** প্রচেষ্টা ব্যাখ্যা করবেন
- *অন্তত* ***চারটি*** নথি থেকে তথ্য অন্তর্ভুক্ত করুন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিশদ তথ্য দিয়ে মূলভাবটি সমর্থন করুন
- সংগঠিত করার জন্য একটি যুক্তিসম্মত এবং স্পষ্ট পরিকল্পনা ব্যবহার করুন, একটি ভূমিকা এবং একটি উপসংহার সহ যা মূলভাব পুনঃব্যক্ত করাকেও ছাড়িয়ে যায়

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT BENGALI EDITION

Printed on Recycled Paper

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT BENGALI EDITION